কৃষিই সমৃদ্ধি

**বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন**
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
জনসংযোগ বিভাগ
www.badc.gov.bd

স্মারক নং-১২.০৬.০০০০.২০৭.৪১.০০১.২১- ৮৬০

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯ / ০৮ আগস্ট ২০২২

বিষয়: কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিএডিসি'র শহিদ বীর মুক্তিযোদ্ধাদের জন্য স্মরণিকা প্রকাশে গঠিত কমিটির ৫ম পর্যায়ের সভা বিগত ৪ আগস্ট ২০২২ তারিখে কমিটির সভাপতি ও সচিব, বিএডিসি'র নেতৃত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার উপর অনুমোদিত কার্যবিবরণী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে


৮.৮.২০২২
(এস এ এম সাব্বির)
জনসংযোগ কর্মকর্তা
ও
সদস্য সংশ্লিষ্ট কমিটি
ফোন: ২২৩৩৫৭৬৮৫
ইমেইল:prdbadc@gmail.com


বিতরণ : কার্যার্থে:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সচিব, বিএডিসি, ঢাকা।
২) মহাব্যবস্থাপক, তদন্ত বিভাগ, বিএডিসি, ঢাকা।
৩) প্রধান প্রকৌশলী, ক্ষুদ্রসেচ বিভাগ, বিএডিসি, ঢাকা।
৪) মহাব্যবস্থাপক (বীজ) ও সভাপতি, বিএডিসি কৃষিবিদ সমিতি, বিএডিসি, ঢাকা।
৫) অতিরিক্ত মহাব্যবস্থাপক, বীজ বিতরণ ও প্রধান সমন্বয়ক (গবেষণা সেল), বিএডিসি, ঢাকা।
৬) অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীপ্রস), বিভাগ ও সভাপতি, বঙ্গবন্ধু পরিষদ বিএডিসি, ঢাকা।
৭) ব্যবস্থাপক (উদ্যান উন্নয়ন বিভাগ) ও প্রকল্প পরিচালক উদ্যান উন্নয়ন প্রকল্প, বিএডিসি, ঢাকা।
৮) প্রধান চিকিৎসক ও সভাপতি, বিএডিসি প্রাতিষ্ঠানিক ইউনিট মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড, বিএডিসি, ঢাকা।
৯) উপ প্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান) ও সভাপতি, বিএডিসি প্রকৌশলী সমিতি, বিএডিসি, ঢাকা।
১০) যুগ্মপরিচালক, সংস্থাপন বিভাগ, বিএডিসি, ঢাকা।
১১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), কুমিল্লা সার্কেল ও সাধারণ সম্পাদক, বিএডিসি প্রাতিষ্ঠানিক ইউনিট মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড, বিএডিসি, ঢাকা।
১২) উপ পরিচালক (বীপ্রস) ও সভাপতি, বিএডিসি কৃষিবিদ সমিতি, বীজ ভবন, বিএডিসি, গাবতলী ঢাকা।
১৩) নির্বাহী প্রকৌশলী, নরসিংদী ও সাধারণ সম্পাদক, বিএডিসি প্রকৌশলী সমিতি, বিএডিসি, নরসিংদী।
১৪) উপপরিচালক, সংস্থাপন বিভাগ ও সাধারণ সম্পাদক, বিএডিসি অফিসার্স এসোসিয়েশন, বিএডিসি, ঢাকা।
১৫) উপপরিচালক, সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।
১৬) সভাপতি/ সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ, রেজি নং বি-১৯০৩, সিবিএ, বিএডিসি, ঢাকা।

অনুলিপি (অবগতির জন্য):

০১. চেয়ারম্যান, বিএডিসি'র একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
০২. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
০৩. সচিবের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

E:\Tareq Rahman Office\Freedom fighter\কার্যবিবরণী লেটার (নোটিশ).docx

কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
জনসংযোগ বিভাগ
www.badc.gov.bd

## মহান মুক্তিযুদ্ধে বিএডিসি'র শহিদ বীর মুক্তিযোদ্ধাদের তথ্য সম্বলিত স্মরণিকা প্রকাশ উপলক্ষ্যে ০৪ আগস্ট ২০২২ তারিখে অনুষ্ঠিত 'শহিদ বীর মুক্তিযোদ্ধাদের তথ্য সংগ্রহ কমিটি'র ৫ম সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ আশরাফুজ্জামান, সচিব, বিএডিসি।
তারিখ: ০৪ আগস্ট ২০২২।
সময়: বেলা ১১.০০ ঘটিকা।
স্থান: সম্মেলন কক্ষ, কৃষি ভবন, ঢাকা।
উপস্থিত সদস্যগণ: পরিশিষ্ট-'ক'

আলোচনা: সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার সদস্য ও জনসংযোগ কর্মকর্তা জনাব এস এ এম সাঈব বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এবং এর অগ্রগতি পর্যায়ক্রমে তুলে ধরেন। তিনি জানান, শহিদ বীর মুক্তিযোদ্ধাদের তথ্য নির্ধারিত ছকে সংগ্রহের জন্য সংস্থাপন বিভাগ এবং জনসংযোগ বিভাগ হতে বিভিন্ন দফায় সংশ্লিষ্ট দপ্তরসমূহে পত্র দেয়া হয়। পত্র দেয়া হলেও মাঠপর্যায়ের কোন দপ্তর হতে শহিদ বীর মুক্তিযোদ্ধাদের তথ্য সরবরাহ করা হয়নি। তিনি আরো জানান, বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বিএডিসি'র শহিদ বীর মুক্তিযোদ্ধাদের তথ্যাদি সংগ্রহের লক্ষ্যে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ওয়েবসাইট অনুসন্ধান করা হয়। অনুসন্ধানে দেখা যায়, ওয়েবসাইটে কমিটির কাঙ্ক্ষিত শহিদ বীরমুক্তিযোদ্ধাদের নামের তালিকা নেই। এর পরিপ্রেক্ষিতে পরবর্তী করণীয় কি হতে পারে সে বিষয়ে বিনীতভাবে নির্দেশনা প্রদানের জন্য সভার সভাপতি ও সচিব, বিএডিসি'র দৃষ্টি আকর্ষণ করা হয়। সভাপতি জানান যে, বিগত সভায় ৩নং ক্রমিকে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী বিএডিসি শহিদ বীর মুক্তিযোদ্ধাদের তথ্য সংগ্রহের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) ও উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডারের সঙ্গে যোগাযোগ করে তথ্য সংগ্রহকল্পে কৃষি সমাচার থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী পুনরায় সকল দপ্তর প্রধানকে পত্র দিতে হবে। তিনি আরো জানান, তথ্য সংগ্রহের বিষয়টি দ্রুততার সাথে সম্পাদনকল্পে ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা যেতে পারে এবং কমিটির সদস্যগণ মাঠ পর্যায়ে দপ্তর প্রধানগণের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করতে হবে। সভার সভাপতি স্মরণিকা প্রকাশে কোন কাঙ্ক্ষিত অগ্রগতি না থাকায় অসন্তোষ প্রকাশ করেন এবং স্মরণিকা প্রকাশে কমিটির সকল সদস্যগণকে স্ব স্ব ক্ষেত্রে ভূমিকা রাখার জন্য মতামত ব্যক্ত করেন।

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ:

০১। অনুষ্ঠিত চতুর্থ সভার ৩নং ক্রমিকে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী কৃষি সমাচারে বর্ণিত বিএডিসির শহিদ বীর মুক্তিযোদ্ধাদের তথ্য সংগ্রহকল্পে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডারের সঙ্গে কার্যকরভাবে যোগাযোগ সাধনে সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে পুনরায় পত্র প্রেরণ করতে হবে;

০২। মাঠ পর্যায় হতে তথ্য প্রাপ্তির বিষয়টি দ্রুততার সঙ্গে সম্পাদনের লক্ষ্যে এবং বিষয়টি কার্যকরভাবে তদারকি করার জন্য পাঁচ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করতে হবে;

০৩। কমিটির সদস্যগণ মাঠ পর্যায়ের দপ্তর প্রধানের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করবেন এবং এর অগ্রগতি সভার সভাপতির নিকট উপস্থাপন করবেন;

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আশরাফুজ্জামান)
সভাপতি
শহিদ বীর মুক্তিযোদ্ধাদের তথ্য সংগ্রহ কমিটি
ও
সচিব, বিএডিসি।

E:\Tareq Rahman Office\Freedom fighter\Minutes 29-06-2022.docx